গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাটোর সদর, নাটোর
www.natoresadar.natore.gov.bd

তারিখ : ২১ আষাঢ়, ১৪৩৩
০৫ জুলাই, ২০২৬

স্মারক নম্বর ঃ ০৫.৪৩.৬৯৬৩.০০০.৪০.০০১.২১-৪৭০

বিষয় : নতুন কুঁড়ি স্পোর্টস-২০২৬-২০২৭ রেজিস্ট্রেশনের বিষয়ে ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ক্রীড়া পরিদপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক ১২-১৪ বছর বয়সী কিশোর-কিশোরীদের সুপ্ত ক্রীড়া প্রতিভা অন্বেষণে **নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২০২৭** উপজেলা পর্যায়ে আয়োজিত হবে। ফুটবল, ক্রিকেট, কাবাডি, ব্যাডমিন্টন, দাবা, অ্যাথলেটিক্স, মার্শাল আর্ট, সাতার, ভলিবল এবং টেবিল টেনিস এই ১০ টি ইভেন্টে প্রতিযোগিতা শুরু হবে। ১২ থেকে ১৪ বছর বয়সী ছাত্র -ছাত্রীরা এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। আগ্রহী শিক্ষার্থীরা ১ জুলাই ২০২৬ হতে ৩১ আগস্ট ২০২৬ তরিখের মধ্যে অনলাইনে রেজিস্ট্রেশন করতে পারবে ( রেজিস্ট্রেশন লিংক- notunkurisports.gov.bd)। রেজিস্ট্রেশনের পরে সংশ্লিষ্ট উপ-কমিটি যাচাই বাছাই পূর্বক নাটোর সদর উপজেলার সেরা খেলোয়াড়দের জেলায় প্রেরণ করবে।

এমতাবস্থায়, রেজিস্ট্রেশনের বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবহিতকরণ এবং বাছাই কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

সংযুক্তি : ০১ পাতা।

০৫/০৭/২৬
(মোঃ আজাহার আলী)
উপজেলা নির্বাহী অফিসার
নাটোর সদর, নাটোর
ই-মেইল: unonatore@mopa.gov.bd

বিতরণ:
১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাটোর সদর, নাটোর
২। উপজেলা যুব উন্নয়ন অফিসার, নাটোর সদর, নাটোর

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
নাটোর সদর, নাটোর।
Email: useonatoresadar@yahoo.com

তারিখঃ ৬/০৭/২০২৬খ্রিঃ

স্মারকনং-উমাশিঅ/নাট-সঃ/২০২৬/৯৩৭

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নতুন কুঁড়ি স্পোর্টস-২০২৬-২০২৭ রেজিস্টেশনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য অনরোধ করা হলো।

প্রাপক,
অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপাররিনটেনডেন্ট
..........................
নাটোর সদর, নাটোর।

স্বাক্ষরিত
(মোসাঃ নাজনীন সুলতানা)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
নাটোর সদর, নাটোর।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

ক্রীড়া হলে পেশা, পরিবার পাবে ভরসা

স্বপ্নের পথে, বিজয়ের সাথে

ক্রীড়া পরিদপ্তর

# রেজিস্ট্রেশন করুন

| | | | | |
|---|---|---|---|---|
| **ফুটবল** | **ক্রিকেট** | **কাবাডি** | **অ্যাথলেটিক্স** | **ভলিবল** |
| **ব্যাডমিন্টন** | **দাবা** | **মার্শাল আর্ট** | **সাঁতার** | **টেবিল টেনিস** |

১০টি ইভেন্টে বালক ও বালিকাদের অংশগ্রহণের সুযোগ

## আবেদনের নিয়মাবলি

**অংশগ্রহণের বয়সসীমা:**
১২ থেকে ১৪ বছর বয়সি ছাত্র-ছাত্রী
(জন্ম তারিখ: ০১ সেপ্টেম্বর ২০১২ থেকে ৩১ আগস্ট ২০১৪ এর মধ্যে)

আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র
০১. অনলাইন ভেরিফাইড জন্মনিবন্ধন সনদ।
০২. শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র।
০৩. ৬ষ্ঠ বা ৮ম শ্রেণির ভর্তি রেজিস্ট্রেশন কার্ড।
০৪. স্কুলের প্রধান শিক্ষক কর্তৃক বর্তমান শ্রেণির সত্যায়িত টট লিস্ট এর কপি।
০৫. সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

ইভেন্টসমূহ

ফুটবল, ক্রিকেট, কাবাডি, অ্যাথলেটিক্স, ব্যাডমিন্টন, দাবা
মার্শাল আর্ট (কারাতে, উশু, তাইকোয়ানডো, জুডো), সাঁতার, ভলিবল ও টেবিল টেনিস।
(একজন সর্বোচ্চ দুটি খেলায় অংশ নিতে পারবে)

আয়োজনে
ক্রীড়া পরিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

**রেজিস্ট্রেশনের শেষ সময়:**
১ জুলাই ২০২৬ থেকে ৩১ আগস্ট ২০২৬ পর্যন্ত

রেজিস্ট্রেশনের জন্য ভিজিট করুন:
notunkurisports.gov.bd

